

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৭.৪৩.০০১.১৮-১০২৩


তারিখঃ- ০৬/১০/২০১৯ খ্রিঃ।

**নিয়োগ বিজ্ঞপ্তি**

টুঙ্গিপাড়া উপজেলাধীন বর্ণি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে একজন উদ্যোক্তা নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী :**

- ১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান/অস্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখে), জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, জন্ম সনদ, জাতীয় পরিচয় পত্র ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ২১/১০/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।
- ২। প্রার্থীকে টুঙ্গিপাড়া উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।
- ৩। সংশ্লিষ্ট ইউনিয়নের প্রার্থীসহ প্রকৃত মুক্তিযোদ্ধার অগ্রাধিকার ও যোগ্যতা সম্পন্ন সন্তানদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৪। প্রার্থীকে ন্যূনতম এইচ,এস,সি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে প্রার্থীকে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :  
(ক) ইউনিয়ন/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।  
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি।  
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রসিন ছবি।  
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।  
(ঙ) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০.০০ (দশ) টাকার ডাক চিকিট যুক্ত ৪.৫ ইঞ্চি বাই ১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।  
(চ) প্রার্থীকে কম্পিউটার ব্যহারের ক্ষেত্রে (মাইক্রোসফট অফিস, ফটোশপ, ই-মেইল, অনলাইন/ইন্টারনেট বিষয়ক যাবতীয় সেবা) সম্পর্কে প্রশিক্ষণ থাকতে হবে এবং প্রশিক্ষণ গ্রহণের সমর্থনে সনদপত্র দাখিল করতে হবে।  
(ছ) ডিজিটাল ক্যামেরা ও প্রজেক্টর চালানোর পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৬। প্রার্থীর বয়স ০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখে ২০ হতে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- ৭। আবেদনকারীকে উদ্যোক্তা হিসেবে নির্বাচিত হবার পরে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।
- ৮। নির্বাচিত উদ্যোক্তাগণ সরকার হতে কোন বেতন ভাতা প্রাপ্ত হবেন না। তবে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কম্পিউটার, ল্যাপটপ, ফটোকপিয়ার, প্রজেক্টর মেশিন হতে অর্জিত আয় উদ্যোক্তাগণ প্রাপ্ত হবেন।
- ৯। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ইতোপূর্বে উদ্যোক্তা হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- ১০। আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ১১। কর্তৃপক্ষ যে কোন সময় কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে অত্র নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন/সংযোজন/বিয়োজন করার অধিকার সংরক্ষণ করেন।

  
(মো: নাজিম হাসান তরফদার)  
উপজেলা নির্বাহী অফিসার  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ  
ফোন ০২-৬৬৫৬২০২

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৭.৪৩.০০১.১৮-১০২৩

তারিখঃ ০৬/১০/২০১৯ খ্রিঃ।

**অনুলিপি প্রেরণ করা হলো :**

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ। সদয় অবগতির জন্য।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ০৪। সহকারী প্রোগ্রামার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। তাকে বিষয়টি উপজেলা তথ্য বাতায়ন ও ইউনিয়ন পরিষদ তথ্য বাতায়নে আপলোড করার জন্য এবং বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। চেয়ারম্যান, বর্ণি ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সচিব, বর্ণি ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। তাকে ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি টাঙানোসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

  
উপজেলা নির্বাহী অফিসার  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ